দৈনিক ইত্তেফাক

APR. 30 2002
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

# পচা রাজনীতি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ডাবল শিফট চালু নিয়ে বেশ বিতর্ক জমে উঠেছে। পক্ষে-বিপক্ষে তর্ক-বিতর্ক হচ্ছে। যারা ডাবল শিফট চালুর বিপক্ষে তাদের প্রথম ও প্রধান বক্তব্য হলো, শিক্ষাকে বাণিজ্যিকীকরণের ষড়যন্ত্র হিসেবে ডাবল শিফট চালু হচ্ছে। বিষয়টি আরো জোরালো হয়েছে যেহেতু এই আহ্বানটা বিশ্বব্যাংক থেকে এসেছে। কিন্তু এই দাবীটি এদেশের কোনো কোনো রাজনৈতিক সংগঠনের দাবী ছিল। এ নিয়ে মিছিল মিটিং হয়েছে, সেমিনার হয়েছে। একটি ছাত্র-সংগঠন খুব সম্ভবত ৮৫/৮৬ সালের দিকে এই দাবী নিয়ে রাজপথ গরম করতে চেয়েছিল। প্রগতিশীল সেই সংগঠনটি ডাবল শিফট শুধু ঢাকা বিশ্ববিদ্যালয়েই নয়, সব বিশ্ববিদ্যালয়ে চালু করার পক্ষে সোচ্চার ছিল। অথচ আজ তারা সেমিনার করে বলছে, 'সাম্রাজ্যবাদী চক্রান্তেরই অংশ বাস্তবায়ন করার জন্য ডাবল শিফট চালুর উদ্যোগ নেয়া হচ্ছে।' ইত্তেফাকে গত ১৪ এপ্রিল প্রকাশিত 'ঢাকা বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয় শিফট চালুর উদ্যোগ একটি চক্রান্তের অংশ' শীর্ষক খবরটি পড়ে মনে হচ্ছে আমাদের পচা রাজনীতির স্বরূপ ক্রমশ প্রকাশিত হচ্ছে।

মামুনুর রশীদ,
ঢাকা